

2022

1st Semester Examination

BENGALI (Honours)

Paper : C 2-T

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও। $2 \times 10 = 20$

- ১। চর্যাপদের ভাষা যে প্রাচীন বাংলা ভাষা তা কে প্রথম প্রমাণ করেন? তাঁর রচিত ঐ গবেষণা গ্রন্থটির নাম কী? $1+1$
- ২। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথিটি কে কবে কোথা থেকে আবিষ্কার করেন? 2
- ৩। বাংলা ভাষায় লেখা প্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কয়টি খণ্ড এবং কয়টি অধ্যায়ে বিভক্ত তা লেখো। 2
- ৪। লোচনদাসের রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কটি খণ্ডে বিভক্ত? খণ্ডগুলির নাম লেখো। 2
- ৫। 'তেরশ পঁচানই শকে গ্রন্থ আরম্ভন।/চতুর্দশ দুই শকে হৈল

P.T.O.

সমাপনা' — কার লেখা কোন গ্রন্থে এই শ্লোকের উল্লেখ রয়েছে?
এই শ্লোক থেকে গ্রন্থ আরম্ভ ও সমাপ্তির সাল নির্ণয় করো।

১+১

৬। চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম কী?

১+১

৭। মালাধর বসু ভাগবতের কোন্ দুটি স্কন্ধের অনুবাদ করেছিলেন?
তিনি কী উপাধি পেয়েছিলেন?

১+১

৮। শ্রীকর নন্দী কার আদেশে কোন্ কাব্য অনুসরণ করে মহাভারত
রচনা করেছিলেন?

২

৯। কোন বৈষ্ণব কবিকে 'অভিনব জয়দেব' বলা হয়? তাঁর লেখা
তিনটি গ্রন্থের নাম লেখো।

১+১

১০। সৈয়দ আলাওলের শ্রেষ্ঠ কাব্য কোন্টি? কাব্যটি কার লেখা কোন্
কাব্যের অনুবাদ?

১+১

১১। 'গোপীচাঁদের পাঁচালী' গ্রন্থটির রচনাকার কে বা কারা? গ্রন্থটি
রচনার আনুমানিক সময়সীমা কত?

১+১

১২। কে কাকে কোন্ কাব্যে 'চেতন্যলীলার ব্যাস' বলে উল্লেখ
করেছেন?

১+১

১৩। ধর্মমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম কী? ১+১

১৪। কোন্ কবির মনসামঙ্গল সর্বপ্রথম মুদ্রণ সৌভাগ্য লাভ করেছিল?
তাঁর কাব্য কী নামে পরিচিত ছিল?

১+১

১৫। চর্যাপদের আদি কবি কে? তাঁর কয়টি পদ চর্যাগীতিতে সংগৃহীত
হয়েছে?

১+১

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও। $৫ \times ৪ = ২০$

- ১৬। চর্যাপদের নামকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ১৭। টীকা লেখো : কবীন্দ্র পরমেশ্বর। ৫
- ১৮। বাংলা সাহিত্যে বিদ্যাপতির অন্তর্ভুক্তির কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫
- ১৯। আরাকান রাজসভার কবি দৌলত কাজীর কবিকৃতি সংক্ষেপে আলোচনা করো। ১+৪
- ২০। টীকা লেখো : শ্রীকৃষ্ণবিজয় ৫
- ২১। টীকা লেখো : গোরক্ষবিজয় ৫

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও। $১০ \times ২ = ২০$

- ২২। কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি ব্যাখ্যা করো। ১০
- ২৩। বাংলা চৈতন্যজীবনী কাব্যগুলির মধ্যে শ্রেষ্ঠ কোন্টি? এর শ্রেষ্ঠত্বের কারণ ব্যাখ্যা করো। ১০
- ২৪। মনসামঙ্গল কাব্য রচনার কবি বিজয়গুপ্তের কৃতিত্ব বিচার করো। ১০
- ২৫। শাক্ত পদকর্তা হিসেবে রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিচয় দাও। ১০